# মুখতাসার যাদুল মা'আদ

বিভাগ/অধ্যায়ঃ অনুচ্ছেদ সমুহের সূচী ও বিবরন

রচয়িতা/সঙ্কলকঃ ইমাম ইবনুল কাইয়্যিম (রহঃ)

বিবাহের ক্ষেত্রে অভিভাবকের অনুমতি

নাবী (ﷺ) হতে সহীহ সূত্রে বর্ণিত হয়েছে যে, তিনি ঐ অকুমারী মহিলার বিবাহ বাতিল করেছেন, যার মর্জী ব্যতীত তার পিতা তাকে বিবাহ দিয়েছিল।[1] সুনানের কিতাবসমূহে তাঁর থেকে আরও বর্ণিত হয়েছে যে, এক কুমারী মহিলার পিতা তার অনুমতি ছাড়াই বিবাহ দিয়েছিল। বালিকাটি নাবী (ﷺ) এর কাছে আগমণ করে অভিযোগ পেশ করলে তিনি মহিলাকে বিবাহ বন্ধন ঠিক রাখা বা না রাখার অধিকার প্রদান করলেন। হাদীছে আরও বর্ণিত হয়েছে, তিনি বলেছেন- কুমারী মহিলার অনুমতি ব্যতীত তাকে বিবাহ দেয়া যাবেনা। চুপ থাকাই তার অনুমতি। অন্য এক হাদীছে এসেছে, নাবী (ﷺ) এর ফয়সালা হচ্ছে ইয়াতীম বালিকার মর্জীর বাইরে তাকে বিবাহ দেয়া যাবেনা। নাবী (ﷺ) বলেছেন- বালেগ হওয়ার পর কেউ ইয়াতীম থাকেনা। এতে প্রমাণিত হয় যে, ইয়াতীম নারীর বিবাহ জায়েয আছে। এ বিষয়টি কুরআনেও বর্ণিত হয়েছে।

ফুটনোট

[1]. বুখারী, অধ্যায়ঃ কিতাবুন নিকাহ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3989

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন